

কৃঃ বিঃ বিশ্ববিদ্যালয়ে বাজেট ঘোষণা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-সিংহ), ২৯শে জুলাই (নিজস্ব সংবাদ-দাতা)।- বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স কমিটির সম্প্রতি অনুষ্ঠিত বিশেষ সভায় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ১৯৯৪-৯৫ সালের চাহিদা বরাদ্দ ৩৩ দশমিক ৯৬২১ কোটি টাকার বিপরীতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্থিরীকৃত সিলিং অনুযায়ী ২৫ দশমিক ১৮ কোটি টাকার বিপরীতে পেনশন খাতে ঘাটতি পূরণের জন্য ১ দশমিক ১৫ কোটি টাকাসহ মোট ২৬ দশমিক ৩৩ কোটি টাকার মূল বরাদ্দ অনুমোদনের জন্য সিভিকিটের নিকট সুপারিশ রাখা হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শাহ মোহাম্মদ ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ফিন্যান্স কমিটির সচিব আলহাজ্ব জিয়াউল ইসলাম ১৯৯৩-৯৪ সালের সংশোধিত বাজেট এবং ১৯৯৪-৯৫ সালের মূল বাজেট উপস্থাপন করেন।

১৯৯৩-৯৪ সালের সংশোধিত চাহিদা বরাদ্দ হিসেবে বিশ্ববিদ্যালয় কর্তৃক ধার্যকৃত ২৯ দশমিক ২৫৫৬ কোটি টাকার বিপরীতে মঞ্জুরি কমিশন কর্তৃক সিলিং অনুসরণে ২৪ দশমিক ৫৫ কোটি টাকার বিপরীতে পেনশন ঘাটতি ১ দশমিক ১০ কোটিসহ ২৬ দশমিক ৫৫ কোটি টাকার বাজেট অনুমোদনের জন্যও সভায় সিভিকিটের নিকট সুপারিশ করা হয়।